



# Trade & Market

Page 24  
Wednesday, August 20, 2014

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
হিসাব মহানিয়ন্ত্রক (সিজিএ) এর কার্যালয়  
সিজিএ ভবন  
সেগুনবাগিচা, ঢাকা-১০০০  
www.cga.gov.bd

নং-০৭.০৩.০০০০.০১৩.০৮.০৮৭.১৪/১২১

তারিখঃ ১৯/০৮/২০১৪ খ্রিঃ

## বিজ্ঞপ্তি

বিষয়ঃ সেবা প্রত্যাশীদের সহযোগিতায় “সিজিএ হেল্প ডেস্ক” চালুকরণ প্রসঙ্গে

হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয় সরকারের হিসাবরক্ষণের পাশাপাশি সরকারী দাবি পরিশোধের একটি সেবাদানকারী প্রতিষ্ঠান হিসেবে কাজ করে। এ কার্যালয়ের আওতাধীন প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (সিএও), ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (ডিসিএ), জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (ডিএও), উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার (ইউএও) কার্যালয়সমূহ সরকারী কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতা, পেনশন, জিপিএফ, বিভিন্ন অগ্রিম ইত্যাদি দাবী পরিশোধ সংক্রান্ত সেবা প্রদান করে থাকে। এছাড়া সরকারী অফিসসমূহের আনুগমিক বিলসহ রিভিনিউ উন্নয়ন প্রকল্প ও উন্নয়নমুখি কর্মসূচি বাস্তবায়নে নিয়োজিত ঠিকাদারদের পাওনাসহ সকল সরকারী পাওনা পরিশোধে এ দপ্তর নিয়োজিত। সরকারী অর্থ পরিশোধের পাশাপাশি সরকারী রাজস্ব আদায়ের পর হিসাবরক্ষণ কাজও এ দপ্তর কর্তৃক সমাধা হয়ে থাকে। সেবা প্রদানে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ এবং দ্রুততম সময়ে সেবা প্রদানের লক্ষ্যে সিজিএ কার্যালয়ে একটি হেল্প ডেস্ক চালু করা হয়েছে। উক্ত হেল্প ডেস্ক-এ আহ্বী সেবা প্রত্যাশীদের যে কোন মন্তব্য/চাহিদা লিপিবদ্ধ করে তাত্ক্ষণিক ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নেয়া হয়েছে।

যে কোন সেবা প্রত্যাশী অফিস চলাকালীন সময়ে সশরীরে উপস্থিত হয়ে বা নিম্নলিখিত ফোন নম্বর/ই-মেইল/ফ্যাক্সে যোগাযোগ করে উপরোক্ত যে কোন বিষয়ে সহযোগিতা চাইতে পারেন। এ ছাড়া দ্রুত সেবা প্রদানের জন্য বা সেবার মান বাড়ানোর জন্য ও যে কোন পরামর্শের পাশাপাশি সেবা প্রদানের বিষয়ে কোন অভিযোগ থাকলে তাও জানাতে পারেন।

সেবা প্রত্যাশীদের সহযোগিতায়

সিজিএ

হেল্প ডেস্ক

রুম নং-২২৫

(সিজিএ ভবন, ২য় তলা)

সেগুনবাগিচা, ঢাকা

ফোনঃ ৯৩৫৬৪৯৭

পিএবিএক্স : ৯৩৩০১০১-০৫/বর্ষিতাংশ : ৩০০

ই-মেইল : cgahelpdeskbd@gmail.com

ফ্যাক্স : ৯৩৩০১০৭

মোঃ রুহুল কুদ্দুস

উপ-হিসাব মহানিয়ন্ত্রক (আইসিইউ)

ফোনঃ ৯৩৫৬৫০৮

ফ্যাক্স : ৯৩৩০১০৭

ই-মেইল : ruhulq@finance.gov.bd

জিডি-৩০৪৬/১৪ (৬x৩)